

বাঁকুড়া পৌরসভা বাঁকুড়া

দোকানঘর লইবার আবেদনপত্র

চকবাজার নব-নির্মিত দ্বিতল বাজার



নাম :

পিতা / স্বামীর নাম :

ঠিকানা :

.....

.....

.....

ফোন নং :

শতাব্দী

- ১) আবেদনপত্র লইবার জন্য ১০০/- (এক শত) টাকা জমা দেওয়ার রসিদ সহ দরখাস্ত করতে হবে।
- ২) লটারীর মাধ্যমে দোকানঘরগুলি আবেদনকারীদের মধ্যে বিলি বন্দোবস্ত করা হইবে।
- ৩) লটারীতে নিবাচিত হইবার ৫ (পাঁচ) দিনের মধ্যে এককালীন উন্নয়ন ফি (অ-ফেরত যোগ্য) বাবদ নিধারিত টাকা অফিসে জমা দিতে হবে।
 - ক। অপেক্ষাকৃত বড় (৫ বর্গমিটারের অধিক) প্রত্যেক দোকানঘরগুলির জন্য ২ (দুই) লক্ষ টাকা এবং
 - খ। অপেক্ষাকৃত ছোট (পাঁচ বর্গমিটারের কম) প্রত্যেক দোকানঘরগুলির জন্য ১ (এক) লক্ষ ৩০ (তিরিশ) হাজার টাকা।
- ৪) লটারীতে নিবাচিত হইবার ৫ (পাঁচ) দিনের মধ্যে এককালীন সিকিউরিটি (ফেরৎ যোগ্য) বাবদ নিধারিত টাকা অফিসে জমা দিতে হবে, অন্যথায় নিবাচন বাতিল বলিয়া গন্য হবে।
- ৫) লটারীতে নিবাচিত হইবার ১৫ (পনের) দিনের মধ্যে পৌরসভার সহিত ১০০/- (একশত) টাকার নন জুডিসিয়াল স্ট্যাম্প পেপারে চুক্তিবদ্ধ হতে হবে।
- ৬) নিবাচিত হইবার ১৫ (পনের) দিনের মধ্যে ৩ (তিন) মাসের অগ্রিম ভাড়া বাবদ টাকা অফিসে জমা দিতে হবে। প্রতি মাসের ভাড়া মাসের প্রথম সপ্তাহের মধ্যে জমা দিতে হবে। ক্রমান্বয়ে ৩ (তিন) মাস ভাড়া না দিলে দখলিসত্ত্ব বাতিল বলে গণ্য বিবেচিত হবে, দোকানঘর গ্রহীতাকে দোকানঘর পরিত্যাগ করতে বাধ্য থাকবেন একং কোনরূপ অগ্রিম ভাড়া এবং সিকিউরিটি অর্থ ফেরত নেবার অধিকার থেকে বঞ্চিত হবেন। অন্যথায় বাঁকুড়া পৌরসভা আইন মোতাবেক উক্ত দোকানঘরটির দখল নেবেন।
 - ক) অপেক্ষাকৃত বড় ৫ (পাঁচ বর্গ মিটারের অধিক) প্রত্যেক দোকানঘরগুলির জন্য প্রত্যেক মাসে ৫ (পাঁচ) শত টাকা এবং
 - খ) অপেক্ষাকৃত ছোট ৫ (পাঁচ বর্গ মিটারের কম) প্রত্যেক দোকানঘরগুলির জন্য প্রত্যেক মাসে ৩ (তিন) শত টাকা।

- ৭) বিদ্যুতের বিল দোকান ঘর গ্রহীতাকে দিতে হবে এবং প্রতি মাসের ভাড়া দেবার সময় পূর্ব মাসের বিদ্যুতের বিল জমা দেওয়ার প্রমাণ পত্রের কপি জমা দিতে হবে।
- ৮) দোকানঘর গ্রহীতা কর্তৃক নিজ খরচে নিজ দখলিকৃত দোকানঘরটি রক্ষনাবেক্ষন করতে হবে। কোন অবস্থাতে বাঁকুড়া পৌরসভার লিখিত অনুমতি ব্যতিরেকে দখলিকৃত দোকানঘরের কোনরূপ পরিমার্জন বা পরিবর্ধন করিতে পারিবেন না।
- ৯) প্রত্যেক দোকানঘর গ্রহীতা কর্তৃক নিজ দখলিকৃত দোকানঘরকে পরিষ্কার ও আবর্জনামুক্ত রাখতে হবে। আবর্জনা নির্দিষ্ট স্থানে ফেলতে হবে। দোকানঘরে কোনরূপ ক্ষতিকারক বা দাহ্য পদার্থ মজুত রাখা যাবে না।
- ১০) শুধু মাত্র প্রাকৃতিক বিপর্যয়ের কারণে কাঠামোতে কোন মেরামতির প্রয়োজন হলে পৌরসভা তার মেরামতি করবে।
- ১১) বাঁকুড়া পৌরসভা নিয়োজিত ও দায়িত্বপ্রাপ্ত কর্মচারীগণ বাজার খোলা থাকাকালীন যেকোন সময় যেকোন দোকানঘর পরিদর্শন করিবার বা দোকানঘরে ঢুকে অনুসন্ধান করার ক্ষমতাপ্রাপ্ত থাকিবে এবং ব্যবসায়ীগণ তাতে সহযোগিতা করিতে বাধ্য থাকিবেন।
- ১২) বাজারমূল্য ও নিত্য প্রয়োজনীয় জিনিষপত্রের মূল্য বৃদ্ধির সমতা রেখে প্রতি ৩ (তিন) বৎসর অন্তর ভাড়ার পূর্ণ বিন্যাস হবে এবং ব্যবসায়ীগণ তাহা মানিয়া লইতে বাধ্য থাকিবেন।
- ১৩) দোকানঘর গ্রহীতা কোনভাবেই ক্রমান্বয়ে ৩ (তিন) মাসের বেশী ব্যবসা বন্ধ রাখিতে পারিবেন না। ক্রমান্বয়ে ৩ (তিন) মাসের বেশী বন্ধ থাকিলে বিনা নোটিশে তার বরাদ্দকৃত দোকানঘরটি বাতিল হবে এবং কোন আপত্তিগ্রাহ্য হইবে না। পৌরসভা দোকানঘরটি অধিকার লইবে।